গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

## কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

তারিখ : ৩১ জুলাই, ২০১৭ খ্রিঃ।

সময় : দুপুর ১২:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১. | গত ২০/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ২০/০৬/২০১৭ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়।<br>**সিদ্ধান্ত-১**: ২০/০৬/২০১৭ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| ২. | **বাজার দর পর্যালোচনাঃ**<br>ঢাকা শহরে চাল মাঝারী, আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচমরিচ, আলু হল্যান্ড (সাদা), বেগুন ও মুরগী (ব্রয়লার) এর দাম বৃদ্ধি পেয়েছে।<br>০৭টি বিভাগে ধান, চাল, বেগুন, শসা, চিনি, পিঁয়াজ, আদা, পটল, করল্যা, কাঁচা মরিচ, আলু, ঢেড়স, ঝিংগা ও চিচিংগার দাম বৃদ্ধি পেয়েছে। | বাজার মূল্য পরিস্থিতি নিয়ে উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান) সভায় ঢাকা মহানগরীর এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-'খ')। বাজার দর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **সিদ্ধান্ত-১**: যেসকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে চাল মাঝারী, আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচমরিচ, আলু হল্যান্ড (সাদা), বেগুন ও মুরগী (ব্রয়লার) সহ সকল কৃষি পণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদার পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে লিংকেজ স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: বাজারে পণ্যের সরবরাহ পরিস্থিতি স্থিতিশীল রাখার লক্ষ্যে জেলা ও বিভাগীয় পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| ৩. | **বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ**<br>জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন পাওয়া গেছে ৫১টি, পাওয়া যায়নি ১৩টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক। | **সিদ্ধান্ত-১**: যৌক্তিক মূল্য বাস্তবায়ন ও অন্যান্য বিষয়ে ব্যাপক প্রচারণার লক্ষ্যে লিফলেট/হ্যান্ড বিল সংশ্লিষ্ট বাজারসমূহে বিতরণের কার্যক্রম জোরদার করতে হবে। যৌক্তিক মূল্য বিষয়ে ঢাকা বিভাগের কার্যক্রম আশানুরুপ নয়। যৌক্তিক মূল্য বাস্তবায়নে আরোও তৎপর হতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>ঢাকা বিভাগীয় উপ-পরিচালক।<br>জেলা বাজার কর্মকর্তা ঢাকা। |
| | | **সিদ্ধান্ত-২**: যৌক্তিক মূল্য বাস্তবায়ন পূর্বক পণ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে নজরদারী বাড়াতে হবে। মিলারদের সংগে প্রতিনিয়ত যোগাযোগ পূর্বক সভা করে চালের মূল্য ধারাবাহিকভাবে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>ঢাকা বিভাগীয় উপ-পরিচালক।<br>জেলা বাজার কর্মকর্তা ঢাকা। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৪. | **গবেষণা শাখা**<br>সারাদেশে হিমাগারের সংখ্যা ৩৬৩টি, মোট ধারণ ক্ষমতা ২৭.৮১ লক্ষ মেঃ টন, মোট আলু উৎপাদন ৯৮.৬৫ লক্ষ মেঃ টন, মোট সংরক্ষণ ২৫.০৭ লক্ষ মেঃ টন। | **সিদ্ধান্ত-১**: ১১টি কৃষিপণ্যের তথ্যভিত্তিক প্রতিবেদন প্রণয়ন পূর্বক মহাপরিচালক বরাবর উপস্থাপন এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। গবেষণা শাখার সাথে বাজার সংযোগ শাখার কার্যক্রমে সংযোগ স্থাপন করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) |
| ৫. | **আরইটিসি শাখা**<br>জুন/১৭ মাসের চেয়ে জুলাই/১৭ মাসে ৩৬.৫৮% রাজস্ব আদায় হ্রাস পেয়েছে। তবে মোট আদায় সন্তোষজনক এবং লক্ষমাত্রা অতিক্রম করেছে। গত অর্থবছরের তুলনায় এই অর্থ বছরে মোট রাজস্ব আদায় বৃদ্ধির হার ২.৭৩%। | **সিদ্ধান্ত-১**: জেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ প্রয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক এতদসংক্রান্ত তথ্যাদি প্রত্যেক মাসে নির্ধারিত ছকানুযায়ী সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি) এবং বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২**: নন-ট্যাক্স রেভিনিউ আদায় বৃদ্ধির লক্ষ্যে জোর প্রচেষ্টা চালাতে হবে এবং প্রজ্ঞাপিত পুরাতন বাজারের পাশাপাশি নতুন প্রজ্ঞাপিত বাজারসমূহের লাইসেন্সিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩**: যে সকল জেলা হতে এখনও মার্কেট চার্জের প্রস্তাব পাওয়া যায়নি, সে সকল জেলা হতে দূত মার্কেট চার্জের প্রস্তাব সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৪**: বাতিলযোগ্য লাইসেন্স বাতিলপূর্বক চলমান লাইসেন্সের তালিকা ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে দূত সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| ৬. | **নীতি ও পরিকল্পনা শাখা**<br>০৩টি প্রকল্প সবুজ পাতায় অন্তর্ভূক্ত আছে। চালু প্রকল্প ০১টি, চালু কর্মসূচী ০২টি। | **সিদ্ধান্ত-১**: APSU কর্তৃক নির্বাচিত প্রাথমিক প্রকল্পের তালিকা থেকে পর্যায়ক্রমে DPP- প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)। |
| | | **সিদ্ধান্ত-২**: প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচী অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে জোর প্রচেস্টা চালাতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)। |
| ৭. | **শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা**<br>মোট গুদাম ৮১টি, শস্য জমার পরিমান ৩৭,৮২৭ কুইঃ, ঋণ বিতরণ ৪৬৯.৬৮ লক্ষ, এফডিআর ১২৩.৭৯ লক্ষ, গুদামের সঞ্চয়ী হিসাবে রক্ষিত ৭.৬২ লক্ষ, মোট তহবিল ১৩১.৪১ লক্ষ টাকা, ঋণ খেলাপী গুদামের সংখ্যা ১৬টি, খেলাপী ঋণের পরিমাণ ৫৮.০১ লক্ষ টাকা। | **সিদ্ধান্ত-১**: খেলাপী ঋণ আদায় বিষয়ে কি করা যেতে পারে এ বিষয়ে ২০ আগস্ট, ২০১৭ তারিখের মধ্যে মতামত দেয়ার জন্য আঞ্চলিক ব্যবস্থাপকদের পুণরায় পত্র প্রেরণ করতে হবে। তাছাড়া এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকসমূহেও পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)। |
| | | **সিদ্ধান্ত-২**: ২০১৭-২০১৮ অর্থবছরে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ APA অনুযায়ী লক্ষমাত্রা অর্জনের বিষয়টি আঞ্চলিক ব্যবস্থাপকগণ নিশ্চিত করবেন। | উপ-পরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩**: বাতিল গুদামসমূহের চুক্তি বাতিলের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউএনও বরাবর পত্র প্রেরণ করতে হবে এবং গুদামসমূহের ইনভেন্টরী প্রস্তুত অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল)। |